# জাতীয় বিশ্ববিদ্যালয়

## বাংলাদেশ

## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/৩১/২০২৩/..২০২২ তারিখ ঃ ০২/১২/২০২৪ খ্রিঃ

## ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষা কেন্দ্রের প্রতি বিশেষ নির্দেশাবলী:

জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে অনুষ্ঠিত পরীক্ষা কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা সহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, সম্প্রতি পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র প্রেরণের ক্ষেত্রে যেসব ভুল পরিলক্ষিত হচ্ছে তা নিম্নরুপ :

- ✓ পরীক্ষা কমিটি পরীক্ষার দিন ট্রেজারী থেকে প্রশ্নপত্রের প্যাকেট গ্রহণের সময় সময়সূচী অনুযায়ী সঠিক প্রশ্নপত্রের প্যাকেট আনার বিষয়টি নিশ্চিত করবেন। পরীক্ষা কেন্দ্রে প্রশ্নপত্রের প্যাকেট উন্মুক্ত করার (প্যাকেট কাটার) পূর্বে সঠিক কোডের প্রশ্নপত্রের প্যাকেট আছে নিশ্চিত হবার জন্য প্রতিটি প্যাকেট যাচাই করে নিশ্চিত হয়ে প্যাকেট উন্মুক্ত করবেন। পরীক্ষার সময়সূচীর বাইরে অন্য কোন কোর্সের প্রশ্নের প্যাকেট খোলা হ'লে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট অধ্যক্ষ এবং পরীক্ষা কমিটির সদস্যগণের উপর বর্তাবে এবং এ জন্য তাদের বিরুদ্ধে নিয়মানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।
- ✓ পরীক্ষার উত্তরপত্র এবং হাজিরাপত্রে ইনভিজিলেটর যথাযথভাবে যাচাই না করে স্বাক্ষর করেন। প্রায়ই হাজিরাপত্রে উত্তরপত্রের ক্রমিক নম্বর, উত্তরপত্রে রোল নম্বর, রেজিঃ নম্বর, কোর্স কোড ভুল থাকে। যদিও প্রবেশ পত্র রেজিঃ কার্ড যাচাই করে উত্তরপত্র এবং হাজিরাপত্রে ইনভিজিলেটরের স্বাক্ষর করার বিধান রয়েছে।
- ✓ উত্তরপত্রের বান্ডেল উপরের বোর্ডে উল্লিখিত বান্ডেল লেভেলে বিষয় ও কোর্স কোডের সাথে ভিতরের উত্তরপত্রের বিষয় ও বিষয় কোড ভিন্ন পাওয়া যায়।
- ✓ বহিস্কৃত পরীক্ষার্থীর উত্তরপত্র ও **Report** ফরম যথাযথভাবে পূরণ ও প্রেরণ করা হয় না। **Report** এ বহিস্কারের কারণ সুস্পষ্ঠ ভাবে উল্লেখ করা হয় না।
- ✓ পরীক্ষার হল থেকে পরীক্ষার্থী উত্তরপত্র জমা না দিয়ে লুকিয়ে নিয়ে চলে যেতে পারে এবং অতিরিক্ত উত্তরপত্র গ্রহণ করে তা বাড়ীতে নিয়ে লিখে পরবর্তী পরীক্ষায় সংযোজন করতে পারে। ইনভিজিলেটরের অসাবধানতার ফলে এ ঘটনা ঘটতে পারে। উত্তরপত্রের সংখ্যা না মিলানো পর্যন্ত পরীক্ষার্থীদের নিজ নিজ আসনে বসিয়ে রেখে সকল উত্তরপত্র পাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। এতদসত্ত্বেও এ ধরনের ঘটনা ঘটলে ঐ রুমের উত্তরপত্র ও **OMR** ফরম পৃথক ভাবে সংরক্ষন করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে। কোন অবস্থাতেই ঐ রুমের উত্তরপত্র ও **OMR** অন্য উত্তরপত্র ও **OMR** ফরমের সাথে মেলানো যাবে না।
- ✓ পরীক্ষার হলে পরীক্ষার্থীর পরিবর্তে ভূয়া পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এ ধরনের অপরাধ রোধে মূল প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারার বিষয়টি নিশ্চিত করতে হবে। এছাড়া মোবাইল ফোন নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ শাস্তি যোগ্য অপরাধ এ বিষয়টি পরীক্ষার্থীদের জানাতে হবে।
- ✓ পরীক্ষা হলে নকল প্রতিরোধে প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রয়োজনে জেলা প্রশাসনের সহযোগিতা গ্রহণ করতে হবে। পরীক্ষার পরিবেশ বিঘ্নিত হওয়ার আশংকা থাকলে উপর্যুক্ত প্রমাণ সহ (নকলের কপি, ছবি ইত্যাদি) শিক্ষার্থীর রোল, রেজিস্ট্রেশন ও শিক্ষাবর্ষ উল্লেখ করে গোপনীয় প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করা যাবে। পরীক্ষা সংক্রান্ত অপরাধ এবং এর শাস্তি সংক্রান্ত বিধান (যা একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত) এই সাথে সংযুক্ত করা হলো। এ বিধান নোটিশ বোর্ড এ প্রদর্শন সহ সকল শিক্ষক এবং পরীক্ষার্থীদের অবহিত করতে হবে।

উত্তরপত্র বান্ডেল লেভেলের বিষয় ও কোর্স কোড দেখে পরীক্ষককে দেওয়া হয়। ফলে উত্তরপত্র গ্রহণ করে বাড়ীতে নিয়ে খোলার পর পরীক্ষক বুঝতে পারেন তিনি ভুল বিষয়/কোডের উত্তরপত্র পেয়েছেন। এর ফলে উত্তরপত্র মূল্যায়ন প্রক্রিয়া বিলম্বিত হয় এবং ফলাফল প্রকাশে সমস্যা সৃষ্টি হয়। উত্তরপত্রের বান্ডেল তৈরীর সময় সঠিক বান্ডেল লেভেল এবং সে অনুযায়ী উত্তরপত্র প্যাকেট করার বিষয়টি পরীক্ষা কমিটি নিশ্চিত করবে।

উপরে উল্লিখিত ভুল সম্পর্কে সতর্ক থেকে পরীক্ষা গ্রহণ এবং উত্তরপত্র প্রেরণে সংশ্লিষ্টদের আরো সতর্ক থাকার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০২/১২/২৪

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল: controller@nu.ac.bd

**পরীক্ষা শৃঙ্খলা সম্পর্কিত অপরাধঃ**

ক) পরীক্ষা কক্ষে একে অপরের সাথে যোগাযোগ করা ও কথাবার্তা বলা;

খ) পরীক্ষা কক্ষে ধূমপান করা;

গ) পরীক্ষার হলে মোবাইল ফোন বা কোন ইলেক্ট্রনিক্স সামগ্রী বহন;

ঘ) দূষণীয়/অননুমোদিত কাগজপত্র সঙ্গে রাখা;

ঙ)দূষণীয়/অননুমোদিত কাগজপত্র হতে উত্তরপত্রে লেখা;

চ) প্রশ্নপত্রে উত্তর লিখা/প্রশ্নপত্রে লেখা উত্তর হতে উত্তরপত্রে লেখা;

ছ) পরীক্ষার হলে মোবাইল ফোন বা কোন ইলেক্ট্রনিক্স সামগ্রী ব্যবহার করে উত্তরপত্রে লেখা;

জ) পরীক্ষা কক্ষের নির্দিষ্ট স্থানের পরিবর্তে অবৈধভাবে অন্য স্থানে আসন গ্রহণ করা;

ঝ) ডেক্স, বেঞ্চ, কাপড়, শরীরের অঙ্গ-প্রতঙ্গ, ব্ল্যাকবোর্ড, কক্ষের দেওয়াল বা অন্য কিছুতে লেখা এবং সেখান থেকে উত্তরপত্র লেখা;

ঞ) উত্তরপত্রে অস্বাভাবিক, আপত্তিকর কিছু লিখা, অযৌক্তিক কোন মন্তব্য করা অথবা উত্তরপত্রের মধ্যে টাকা রাখা;

ট) রোল নম্বর পরিবর্তন/পরস্পর রোল নম্বর বিনিময় করা (উত্তরপত্র একে অপরের সাথে পরিবর্তন);

ঠ) মিথ্যা অজুহাত দেখিয়ে বিশেষ সুবিধা গ্রহণ/সুবিধা গ্রহণের চেষ্টা করা;

ড) মিথ্যা পরিচয় প্রদান করে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণ করা;

ঢ) পরীক্ষার কক্ষ হতে উত্তরপত্র বাইরে পাচার করা বা বাইরে থেকে লেখা উত্তরপত্র সংযোজন করা;

ণ) উত্তরপত্রের কভার পৃষ্ঠা পরিবর্তন করা;

ত) ইনভিজিলেটরের নিকট উত্তরপত্র দাখিল না করে পরীক্ষার হল ত্যাগ করা, ইনভিজিলেটর কর্তৃক চাহিবামাত্র দূষণীয় কাগজপত্র প্রদান না করে তা নাগালের বাইরে ফেলা/ফেলে দেওয়ার চেষ্টা করা/গিলে ফেলা;

থ) উত্তরপত্র বিনষ্ট করা/ছিড়ে ফেলা, দূষণীয় কাগজপত্র/দ্রব্যাদি, উত্তরপত্র বা প্রবেশপত্র ইত্যাদি যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে অস্বীকৃতি জ্ঞাপন করা বা জব্দ করার ক্ষেত্রে কোনরুপ বাধা সৃষ্টি করা;

দ) পরীক্ষা কক্ষে পরীক্ষার কাজে নিয়োজিত ইনভিজিলেটর/কর্তব্যরত ব্যক্তি সম্পর্কে কটুক্তি, গালাগাল, তাঁর সাথে অসদাচরণ বা তাঁকে কোনরুপ ভীতি প্রদর্শন করা। পরীক্ষার দায়িত্বে নিয়োজিত কোন ব্যক্তি/ব্যক্তিবর্গকে পরীক্ষাল হলে বা হলের বাইরে লাঞ্ছিত করা বা লাঞ্ছিত করার চেষ্টা করা। পরীক্ষা চলাকালীন পরীক্ষার কক্ষে কেন্দ্র চত্বর বা বাইরে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি, স্থানীয় প্রশাসনের কর্মকর্তা অথবা পরীক্ষা পরিচালনার সাথে জড়িত কোন ব্যক্তির সাথে অসদাচরণ করলে বা তাঁকে দৈহিক আক্রমন করলে;

ধ)সুষ্টভাবে পরীক্ষা অনুষ্ঠনে কোনরুপ বাধা সৃষ্টি, গোলযোগ সৃষ্টি, অন্যকে পরীক্ষায় অংশগ্রহণে বাধা প্রদান, অন্য পরীক্ষার্থীকে পরীক্ষার হল ত্যাগে বাধ্য না উস্কানি প্রদান, পরীক্ষা কক্ষ ভাংচুর, আসবাবপত্র ভাংচুর করা বা আগুন দেওয়া।

**শাস্তিমূলক ব্যবস্থাঃ**

ক) পরীক্ষা সংক্রান্ত উল্লিখিত অপরাধের জন্য পরীক্ষা শৃঙ্খলা কমিটি নিম্নবর্ণিত শাস্তির সুপারিশ করতে পারবেঃ

| ক্রমিক নং | অপরাধ | শাস্তি |
|---|---|---|
| ১ | ক - ঘ পর্যন্ত বর্ণিত অপরাধের জন্য | সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল |
| ২ | ঙ - ঞ পর্যন্ত বর্ণিত অপরাধের জন্য | সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিলসহ পরবর্তী ০১ (এক) বছর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। |
| ৩ | ট - ঠ পর্যন্ত বর্ণিত অপরাধের জন্য | সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিলসহ পরবর্তী (পরপর) ০২ (দুই) বছর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। |
| ৪ | ড - ণ পর্যন্ত বর্ণিত অপরাধের জন্য | সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিলসহ পরবর্তী (পরপর) ০৩ (তিন) বছর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। |
| ৫ | ত - ধ পর্যন্ত বর্ণিত অপরাধের জন্য | সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিলসহ পরবর্তী (পরপর) ০৪ (চার) বছর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। |
| ৬ | ন - বর্ণিত অপরাধের জন্য | শৃঙ্খলা কমিটি অপরাধের মাত্রা বিবেচনা করে সিদ্ধান্ত দেবে। |

খ) পরীক্ষার্থীর কোন অপরাধ উপর্যুক্ত শাস্তির আওতায় না পড়লে পরীক্ষা শঙ্খলা কমিটি অপরাধের প্রকৃতি বিবেচনা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করবে।

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ
### পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/৩১/২০২৩/..২০১১৭ তারিখ ঃ ০২/১২/২০২৪ খ্রিঃ

## উত্তরপত্র বান্ডেলকরণ বিষয়ে কেন্দ্রের প্রতি সতর্কতামূলক নির্দেশাবলী:

জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে অনুষ্ঠিত পরীক্ষা কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা সহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, পরীক্ষা গ্রহণ শেষে উত্তরপত্র বান্ডেল করণের সময় নিম্নলিখিত বিষয়গুলো সতর্কতার সাথে পালন করতে হবে ঃ

- উত্তরপত্র বান্ডেল/প্যাকিং এর সময় বিষয় ভিত্তিক কোর্স কোড অনুযায়ী আলাদা করতে হবে, কোন ভাবেই এক কোর্স কোড এর উত্তরপত্র অন্য কোন কোর্স কোডের উত্তরপত্রের সাথে দেওয়া যাবে না। এ ধরনের ভুলের জন্য কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন।
- উত্তরপত্র পরীক্ষণের সময় পরীক্ষকগণ উত্তরপত্রের বান্ডেল লেভেলে বিষয়/কোর্স কোড দেখে উত্তরপত্র গ্রহণ করেন। অনেক ক্ষেত্রে দেখা যায় বান্ডেল লেভেল এর বিষয়/কোর্স কোডের সাথে বান্ডেলের ভিতরের উত্তরপত্র মিল থাকে না। এর ফলে পরীক্ষককে উত্তরপত্র ফেরৎ পাঠাতে হয় এবং সমস্যায় পড়েন। যার ফলে উত্তরপত্র পরীক্ষণ বিলম্বিত হয় এবং ফলাফল প্রকাশে বিঘ্ন ঘটে। এজন্য উত্তরপত্রের বান্ডেল তৈরীর সময় সঠিক কোডের উত্তরপত্র এবং বান্ডেল লেভেল দেওয়া হয়েছে কিনা তা নিশ্চিত হবার জন্য সংশ্লিষ্টদের সতর্ক করতে হবে। উত্তরপত্রের বান্ডেল তৈরীতে ভুল পাওয়া গেলে কেন্দ্রের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। তৈরীকৃত প্যাকেট পলিথিন শীট দিয়ে মুড়িয়ে গোলাপী মার্কিন কাপড় দিয়ে চূড়ান্ত প্যাকেট তৈরী করে গালাসীল করে ট্রেজারী অফিস/থানায় সংরক্ষণ করতে হবে।
- রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত কোন প্রকার টপশীট উত্তরপত্রের সাথে অথবা বান্ডেল/প্যাকেটের ভিতর রাখা যাবে না।
- রোল নম্বরের ক্রমানুসারে অনার্স বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের হাজিরাপত্র (স্বাক্ষর লিপি) প্রস্তুত করে বিষয়ওয়ারী কভার পৃষ্ঠা লাগিয়ে আলাদা আলাদা ভাবে বাঁধাই করে পাঠাতে হবে এবং বাঁধাইকৃত কভার পৃষ্ঠায় অনার্স বিষয়ের নাম, কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড লিখতে হবে। হাজিরা পত্রসমূহের মূল কপি সংশ্লিষ্ট দপ্তরে (অনার্স ২য় বর্ষ শাখা) জমা দিতে হবে এবং ফটোকপি সংশ্লিষ্ট কলেজকে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, কোন অবস্থাতেই এক বিষয়ের হাজিরাপত্রের সাথে অন্য বিষয়ের হাজিরাপত্র বাঁধাই করা যাবে না।
- পরীক্ষার্থীদের হাজিরাপত্র ছাড়া পরীক্ষার ফলাফল প্রনয়ণের কাজ দারুণ ভাবে বিঘ্নিত হয়, সেহেতু নির্ধারিত সময়ের (০৭ দিনের) মধ্যেই সংশ্লিষ্ট দপ্তরে (অনার্স ২য় বর্ষ শাখা) হাজিরাপত্র জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

উপরে উল্লিখিত বিষয়ে পরীক্ষা গ্রহণ শেষে উত্তরপত্র বান্ডেল/প্যাকিংএরকাজে সংশ্লিষ্টদের সতর্ক থাকার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০২/১২/২৪

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল: controller@nu.ac.bd

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ
## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

### অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০২৩

### হাজিরাপত্র, OMR, উত্তরপত্র প্রস্তুত ও প্রেরণের নির্দেশাবলী:

**✱ হাজিরাপত্র পূরণ, প্রস্তুত ও প্রেরণ:**

বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত পরীক্ষার্থীদের বিবরণী অনুযায়ী সকল পরীক্ষার্থীর হাজিরাপত্র তৈরী করে অনলাইনে পাঠানো হবে এবং বিবরণীতে উল্লেখিত পরীক্ষার্থীর নাম, রোল নং, রেজি: নং, শিক্ষাবর্ষ, বিষয় ও পত্রকোড হাজিরাপত্রে লেখা থাকবে। পরীক্ষার সময়সূচি অনুযায়ী বিষয় ও পত্রকোড মিলিয়ে উত্তরপত্রের ক্রমিক নং যথাযথভাবে লিখেছে কি না তা যাচাই করে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের ছবির সাথে তার চেহারার মিল আছে কি না,তা যাচাই করে হাজিরাপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন। পরীক্ষার্থী OMR ফরমে তার **রোল নং, রেজি: এবং বিষয়কোড যথাযথভাবে লিখেছে কি না এবং সঠিকভাবে বৃত্ত ভরাট করছে** কি না তা পরীক্ষা করে অত:পর কক্ষ পরিদর্শক উত্তরপত্রে তার জন্য নির্ধারিত স্থানে এবং হাজিরাপত্রে স্বাক্ষর করবেন। কোন অবস্থাতেই একজন পরীক্ষার্থীর জন্য **একাধিক হাজিরাশীট তৈরী** করা যাবে না। সকল পরীক্ষা শেষ হওয়ার পর ০৭ (সাত) দিনের মধ্যে হাজিরাপত্র বই আকারে বাইন্ডিং করে সংশ্লিষ্ট শাখায় অবশ্যই জমা দিতে হবে। বহিস্কৃত পরীক্ষার্থীর হাজিরাপত্রে লালকালিতে **"বহিস্কৃত"** শব্দ লিখতে হবে। **বহিস্কৃত পরীক্ষার্থীর Report এ বহিস্কারের কারন স্পস্টভাবে লিখতে হবে। নকল করলে আলামত এবং উত্তরপত্রে লিখলে নকল এবং আলামতে লাল কালি দিয়ে আন্ডার লাইন করে উত্তরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।** অনুরূপভাবে অনুপস্থিত পরীক্ষার্থী যে বিষয় ও পত্রে অনুপস্থিত থাকবে সে বিষয় ও পত্রে লালকালিতে **"অনুপস্থিত"** লিখে কক্ষ পরিদর্শক স্বাক্ষর করবেন।(বহিস্কার সংক্রান্ত বিস্তারিত নীতিমালা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd এ পাওয়া যাবে।) **হাজিরাপত্রে উত্তরপত্রের ক্রমিক নম্বর সঠিকভাবে না লিখলে ঐ কোর্স অনুপস্থিত দেখিয়ে ফলাফল প্রকাশ করা হবে।**

**✱ OMR ফরম ছেঁড়া, প্রস্তুত ও প্রেরণ:**

উত্তরপত্রের কভার পৃষ্ঠার অর্থাৎ OMR ফরমের প্রথম অংশসমূহ পরীক্ষা শেষে খুব সাবধানতার সাথে ও সঠিকভাবে বিচ্ছিন্ন করতে হবে। প্রতি বিষয় ও পত্রের উত্তরপত্রের কভার পৃষ্ঠার ছেঁড়া অংশ অনুর্ধ ২০০ (দুইশত) টি করে রোল নম্বরের ক্রমানুযায়ী সাজিয়ে করোগেটেড বক্স ব্যবহার করে প্যাকেট করতে হবে। **রোল, রেজি: নম্বর অথবা বিষয়কোড লিখতে ভুল হলে তা একটানে কেটে সঠিকভাবে লিখতে হবে। বৃত্ত ভরাটে ভুল হলে তা ইরেজার দ্বারা ঘষা মাজা না করে, ব্লেড দ্বারা না মুছে বা সাদা ফ্লুইড না লাগিয়ে সঠিকভাবে ভরাট করতে হবে। এরূপ ক্ষেত্রে একই সারিতে একাধিক বৃত্ত ভরাট থাকতে পারে। উল্লেখ্য ভুলকৃত OMR গুলো আলাদাভাবে সাজানো বা আলাদাভাবে প্যাকেট করার প্রয়োজন নেই। তৈরীকৃত প্যাকেট পলিথিন শীট দিয়ে মুড়িয়ে গোলাপী মার্কিন কাপড় দিয়ে চূড়ান্ত প্যাকেট তৈরী করে গালাসীল করে ট্রেজারী অফিস/থানায় সংরক্ষণ করতে হবে। সকল পরীক্ষা শেষে বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্রে যোগাযোগ করে OMR প্যাকেট হস্তান্তর করতে হবে।**

**✱ উত্তরপত্রের বান্ডেল (Bundle) প্রস্তুত ও প্রেরণ:**

ক) তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র বিষয় ও কোর্সওয়ারী পৃথক পৃথকভাবে অনধিক ৫০ (পঞ্চাশ) টি করে সাজিয়ে তা ০২টি করোগেটেড শীটের (একটি নিচে অপরটি উপরে) ভেতরে রাখতে হবে। অতঃপর প্রতিটি বান্ডেলের জন্য একটি করে বান্ডেল লেবেল প্রস্তুত করে বান্ডেলের উপরের করোগেটেড শীটে আঠা দিয়ে বান্ডেল লেবেল লাগিয়ে বান্ডেলটি শক্ত সুতলী দিয়ে বেঁধে উত্তরপত্রের বান্ডেল তৈরী করতে হবে। অতঃপর **বান্ডেল/বান্ডেলসমূহ একত্রে পলিথিন শীট দিয়ে মুড়িয়ে গোলাপী রং এর কাপড় দিয়ে চূড়ান্ত প্যাকেট তৈরী করে গালাসীল করতে হবে।** প্রতিটি প্যাকেটের বহিরাবরণে সুস্পষ্টভাবে অবশ্যই **পরীক্ষা কোড-২২০২** উল্লেখ করতে হবে। **বান্ডেল লেবেল অনুযায়ী প্যাকেটে সঠিক বিষয়ের উত্তরপত্র ও সংখ্যা সঠিক আছে কিনা তা যাচাই করে দেখা জরুরী।**

খ) প্রতি বিষয় ও প্রতি পত্রের পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে উত্তরপত্রের বান্ডেলের কাজ সম্পন্ন করে ঐদিনই উত্তরপত্রের প্যাকেট **জনাব মোঃ মনিরুজ্জামান মনির, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ২য় বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪** ঠিকানায় ডাকযোগে এনসিওরড (Ensured) পার্সেলে পাঠাতে হবে। **বাংলাদেশ রেলওয়েতে কোন অবস্থাতেই উত্তরপত্র প্রেরণ করা যাবে না।** প্রয়োজনে সাপ্তাহিক ছুটির দিন ও অফিস ছুটির পরে পোস্ট অফিস খোলা রাখার জন্য ডাক বিভাগের মহাপরিচালককে অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে স্থানীয় পোস্ট মাস্টারের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। বাস্তব কোন কারণে উত্তরপত্র পরীক্ষা গ্রহণের দিন উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পাঠানো সম্ভব না হলে নিয়মানুযায়ী থানা/ট্রেজারীতে সংরক্ষণ করতে হবে। কোন অবস্থাতেই কেন্দ্রে রাখা যাবে না।

গ) বহিস্কৃত উত্তরপত্র আলাদাভাবে করোগেটেড শীট ও সাদা কাপড় দিয়ে মুড়িয়ে সীলগালা করে **জনাব মোঃ মনিরুজ্জামান মনির, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ২য় বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪** এ ঠিকানায় প্রেরণ করতে হবে। প্যাকেটের উপরে লালকালি দিয়ে **"বহিস্কৃত"** শব্দটি লিখতে হবে। বহিস্কৃত উত্তরপত্রের সাথে **Report** ফরম যথাযথভাবে পূরণ করে পাঠাতে হবে। **Report** ফরমে বহিস্কারের কারণ সঠিক ও যথাযথভাবে লিখতে হবে। বহিস্কার সংক্রান্ত বিধান এই সাথে সংযুক্ত করা হলো।

**✱ টপশীট প্রস্তুত ও সংরক্ষণ:**

ক) প্রতিদিনের পরীক্ষায় উপস্থিত, অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের বিবরণ উল্লেখপূর্বক প্রেরিত ফরমে এক কপি টপশীট তৈরী করে তা কলেজে সীলগালা অবস্থায় (পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়ার পর এক বৎসর পর্যন্ত) সংরক্ষণ করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে। **টপশীটের কপি পরীক্ষা নিয়ন্ত্রক বা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-এর বরাবরে প্রেরণের প্রয়োজন নেই।**

খ) OMR-এর প্যাকেটের টপশীট করোগেটেড বক্সের ভিতরে ১(এক) কপি এবং বক্সের উপরে ১(এক) কপি দিয়ে কাপড়ে মুড়ে সীলগালা করে পাঠাতে হবে।

✱ **জরুরী ঃ** ইংরেজী (আবশ্যিক) বিষয়ে (**English Compulsory**) সকল পরীক্ষার্থী একই প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

✱ **উত্তরপত্রের প্যাকেট গোলাপী রং এর কাপড় দিয়ে প্যাকেট করতে হবে। প্যাকেটের উপর পরীক্ষা কোড ২২০২ লিখতে হবে।**

✱ **সম্প্রতি উত্তর পত্রের বান্ডেল লেবেল এ উল্লিখিত বিষয়ের পরিবর্তে প্যাকেটের ভিতরের অন্য বিষয়ের উত্তরপত্র পাওয়া যায়। এ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হ'ল।**

০২/৭/২৪

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল: controller@nu.ac.bd